গাংনীতে ইয়াবা ও ট্যাপেন্টাডলসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনী উপজেলায় অভিযান চালিয়ে ইয়াবা ও ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে বাংলাদেশ সেনাবাহিনী। আটক ব্যক্তির নাম সেন্টু (৪০), তিনি গাংনীর বামন্দী চেরাকী পাড়ার মৃত ছবকুল হোসেনের ছেলে।

সেনাবাহিনীর দেওয়া তথ্য অনুযায়ী, মঙ্গলবার (২৭ মে) রাত ৮টা ৩০ মিনিটে মেহেরপুর সেনা ক্যাম্পে একটি গোপন সংবাদ আসে যে সেন্টু নামক এক ব্যক্তি ইয়াবার একটি নতুন চালান নিজ বাড়িতে মজুত রেখেছেন।

তথ্য পাওয়ার পরপরই মেহেরপুর আর্মি ক্যাম্পের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেজর ফজলে রাব্বির নেতৃত্বে একটি টিম রাত ৯টা ৩০ মিনিট থেকে পরদিন ভোর ২টা ৩০ মিনিট পর্যন্ত বামন্দী এলাকায় অভিযান পরিচালনা করে।

অভিযানকালে সেন্টুর বাড়ি থেকে ২৩০ পিস ইয়াবা, ১০২টি ট্যাপেন্টাডল ট্যাবলেট এবং ৫টি মোবাইল ফোন উদ্ধার করা হয়। পরে আটক সেন্টুকে গাংনী থানায় হস্তান্তর করা হয় এবং তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

মেহেরপুরের ময়ামারি স: প্রা:

বিদ্যালয়ে বার্ষিক পরিকল্পনা সভা

মেহেরপুরের ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সার্বিক মানোন্নয়ন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এক বিদ্যালয়ভিত্তিক বার্ষিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকাল ১০টায় ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের পিটিএ কমিটির সভাপতি ও স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ আরিফ হোসেন-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা।
তিনি বিগত এক বছরের সার্বিক কার্যক্রমের অগ্রগতি, অর্জন এবং চ্যালেঞ্জ তুলে ধরেন। শিক্ষার্থীদের পাঠগ্রহণে আগ্রহ সৃষ্টি, ঝরে পড়া রোধ, শিক্ষক-অভিভাবক সহযোগিতা এবং বিদ্যালয়ের পরিবেশ উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরে তিনি ভবিষ্যৎ পরিকল্পনার দিক-নির্দেশনা দেন।

সভায় আরও আলোচনা হয় বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, টয়লেট ও সুপেয় পানির ব্যবস্থা, পাঠদান পদ্ধতির আধুনিকায়ন এবং অভিভাবক সচেতনতা বৃদ্ধি নিয়ে। এসব বিষয়ে বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সদস্য ও সমাজসেবক আব্দুর রকিব, মোঃ শহিদুল্লাহ, পিটিএ সদস্য মোঃ মিল্লাত হোসেন এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোছাঃ হোসনে আরা।

সভাপতি মোঃ আরিফ হোসেন বলেন, “বিদ্যালয়ের উন্নয়ন শুধু সরকারের দায়িত্ব নয়; এর জন্য অভিভাবক, শিক্ষক ও স্থানীয় জনগণের সম্মিলিত প্রচেষ্টাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।”

সভা শেষে অংশগ্রহণকারীরা বিদ্যালয়ের উন্নয়নে একসাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং একটি বাস্তবভিত্তিক বাৎসরিক কর্মপরিকল্পনা গৃহীত হয়।

[redacted] [redacted] [redacted]

হোসেন, মেয়ে আদরি (২), ছেলে মনির হোসেন (৭); ফুলবাড়ী উপজেলার কাশিয়াবাড়ী গ্রামের কিতাব আলীর ছেলে শাহানুর (২৯), নুর ইসলাম (৯); বালাসিপাড়া ডাঙ্গা গ্রামের ইসহাক আলীর ছেলে আরিফ (১৯)।

আটককৃতরা জানান, তারা সবাই বাংলাদেশের নাগরিক। বিভিন্ন সময়ে কাজের সন্ধানে অবৈধভাবে তারা ভারতে প্রবেশ করে দীর্ঘদিন ধরে সেখানে বসবাস করে আসছিলেন।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, আটককৃতরা কেদারগঞ্জ এলাকায় অবস্থান করছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করে থানায় আনা হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের কমান্ডার নাজমুল আহসান জানান, বিএসএফ যে ব্যক্তিদের ঠেলে দিয়েছে, তারা সবাই কুড়িগ্রাম জেলার বাসিন্দা। তাদের অধিকাংশই অবৈধভাবে ভারতে গিয়ে দীর্ঘদিন ধরে বসবাস করছিলেন।

বিএসএফ তাদের আটক করে মুজিবনগর সীমান্ত দিয়ে পাঠিয়ে দিয়েছে। আমরা তাদের পুলিশে সোপর্দ করেছি এবং তাদের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

উল্লেখ্য, গত রবিবার ভোরে একই সীমান্ত এলাকা দিয়ে আরও ১৯ জন বাংলাদেশি নাগরিককে পুশব্যাক করেছিল বিএসএফ।

মেহেরপুরে মাশরুম চাষ সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাঠ দিবস পালিত

২০২৪-২৫ অর্থবছরে “মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ” প্রকল্পের আওতায় মেহেরপুরে মাঠ দিবস পালন করা হয়েছে।

আজ সোমবার বিকেল সাড়ে ৪টায় সদর উপজেলা পরিষদের হলরুমে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (খামারবাড়ি) এর আয়োজনে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ আলমগীর বিশ্বাস।

তিনি তাঁর বক্তব্যে বলেন, “মাশরুম চাষ একটি সম্ভাবনাময় খাত। এটি পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি গ্রামীণ জনগোষ্ঠীর আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। সরকারের কৃষি উন্নয়ন পরিকল্পনায় মাশরুম চাষকে গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. সামসুল আলম, অতিরিক্ত উপ-পরিচালক মো. শায়খুল ইসলাম, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার মো. মনিরুজ্জামান, গাংনী উপজেলা কৃষি অফিসার মো. ইমরান হোসেন, মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন এবং উপসহকারী কৃষি কর্মকর্তা মো. আশরাফুল আলম প্রমুখ।

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন

মেহেরপুর সমবায় ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ২০২৫-এর ঘোষিত তফসিল অনুযায়ী আজ সোমবার ছিল মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন।

নির্ধারিত সময়সীমার মধ্যে চারটি পদের বিপরীতে মোট পাঁচজন প্রার্থী তাঁদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

নির্বাচন কমিটির সভাপতি মো. মাহবুবুল হকের নিকট জমা পড়া

মনোনয়নপত্র অনুযায়ী, সভাপতি পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. হাফিজুর রহমান ও মো. আব্দুল মজিদ। সহ-সভাপতি পদে প্রার্থী হয়েছেন মো. আবু তালেব।

নির্বাচনী এলাকা ‘ক’ (মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়নপত্র জমা দিয়েছেন মো. শহীদুল্লাহ এবং ‘খ’ এলাকা (গাংনী উপজেলা) থেকে সদস্য পদে মনোনয়ন দিয়েছেন এস. এম. ফয়েজ।

মনোনয়ন জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সমবায় ব্যাংকের বর্তমান সভাপতি মো. নুরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসের পরিদর্শক ও ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নুরুজ্জামান এবং অফিস সহকারী রানা।

ঘোষিত তফসিল অনুযায়ী আগামী ২৭ মে ২০২৫, মঙ্গলবার মনোনয়নপত্র যাচাই-বাছাই ও খসড়া প্রার্থী তালিকা প্রকাশ করা হবে।

গাংনীতে আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা

মেহেরপুরের গাংনী উপজেলা আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২৬ মে) সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন। সভায় আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করে ইউএনও বলেন, সুশাসন ও নিরাপত্তা নিশ্চিত করতে সকলের সম্মিলিত উদ্যোগ প্রয়োজন।

কোনো ধরনের অপরাধ, বিশেষ করে মাদক ও চোরাচালান, বরদাশত করা হবে না। তিনি প্রশাসনের বিভিন্ন শাখাকে তথ্যভিত্তিক ও সমন্বিত অভিযান পরিচালনার নির্দেশ দেন।

সভায় আরও উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল। তিনি চোরাচালান প্রতিরোধে সীমান্ত এলাকায় নজরদারি বৃদ্ধি ও জনসচেতনতা তৈরির ওপর গুরুত্বারোপ করেন।

এসময় সরকারি-বেসরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, জনপ্রতিনিধি, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। তারা নিজ নিজ এলাকার নিরাপত্তা সংক্রান্ত সমস্যাগুলো তুলে ধরেন এবং সেগুলোর দ্রুত সমাধানে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।

সভায় সিদ্ধান্ত হয়, আইনশৃঙ্খলা রক্ষায় কমিটির পক্ষ থেকে নিয়মিত তদারকি চালানো হবে এবং প্রয়োজনে বিশেষ টাস্কফোর্স গঠন করা হবে। সভা শেষে জনগণের স্বার্থে নিরবচ্ছিন্নভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

প্রতিষ্ঠাকালীন ‘মেহেরপুর পৌর কলেজ’ নামে ফিরছে প্রতিষ্ঠানটি

পূর্বের ‘মেহেরপুর পৌর কলেজ’ নামে ফিরছে বর্তমান ছহিউদ্দীন ডিগ্রি কলেজ। কলেজের স্টাফ মিটিং ও গভর্ণিং বাডির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠাকালীন নাম মেহেরপুর পৌর কলেজ নামকরণ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কলেজের অধ্যক্ষ মোহা: মহসীন আলী স্বাক্ষরিত (স্মারক: ছডিকমে/২৫/১৯/২০২৫) এক স্মারক পত্রে এ তথ্য নিশ্চিত করা হয়েছে।

স্মারকে অধ্যক্ষ মোহা: মহসীন আলী জানান, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭০.৩৫.০০১.১৭.১৩৪ তারিখ ২০/০৫/২০১৯ এর আলোকে জেলার সদর উপজেলার ‘মেহেরপুর পৌর কলেজ’-এর নাম পরিবর্তন করে তৎকালীন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনের পিতা মরহুম ছহিউদ্দিন-এর নামে ‘ছহিউদ্দিন ডিগ্রি কলেজ, মেহেরপুর’ নামকরণ করা হয়। যা এখনও বহাল আছে এবং এ নামেই কলেজ পরিচালিত হচ্ছে। ফ্যাসিস্ট প্রতিমন্ত্রী

ফরহাদ হোসেন সে সময় কলেজ কর্তৃপক্ষকে তার পিতার নামে নামকরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বাধ্য করেন।
তবে এরই মধ্যে কলেজে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ কলেজের বর্তমান নাম পরিবর্তনের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে। বিষয়টি নিয়ে কলেজের স্টাফ মিটিং এবং গভর্ণিং বডির সভায় আলোচনা শেষে কলেজ প্রতিষ্ঠাকালীন সময়ের নাম ‘মেহেরপুর পৌর কলেজ’ নামেই আবার নামকরণ করার জন্য সিদ্ধান্ত সানন্দে গ্রহণ করা হয়।

গাংনীতে পুলিশের অভিযানে গ্রেফতার ৩

মেহেরপুরের গাংনীতে ২৪ ঘন্টার অভিযানে ৩ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল রবিবার রাত থেকে আজ সোমবার ভোর পর্যন্ত বিভিন্ন জায়গাই অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করা হয়েছে ।

গ্রেফতারকৃত হলেন গাংনীর বাহাগুন্দার ওমর ফারুকের ছেলে মোঃ কাওছার, হাড়াভাঙ্গা পশ্চিমপাড়ার মোঃ আলমগীর হোসেনের ছেলে মোঃ আকাশ মিয়া (২২), কুষ্টিয়ার মোঃ আলম মিয়ার ছেলে মোঃ আল আমিন।

গ্রেফতারকৃত আসামীদেরকে বিজ্ঞ আদালতে প্রেরন করা হয়েছে। গ্রেফতার করতে বিশেষ অভিযান চলমান থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা বাহিনী।

মেহেরপুরের চকশ্যামনগর সরকারি

[redacted]

[redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

মুজিবনগরে চিড়িয়াখানায় অভিযানে ২৭টি বন্যপ্রাণী উদ্ধার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী মনোরমা মিনি চিড়িয়াখানায় অভিযান চালিয়েছে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট গতকাল রবিবার বিকেলে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ২৭টি বন্যপ্রাণী উদ্ধার করা হয়। পরিবেশ অনূযায়ী বেশ কিছু বন্যপ্রাণী এখান থেকে অবমুক্ত করে দেওয়া হয়। বাকিগুলো সাথে নিয়ে যায় অভিযানকারী দলটি।

উদ্ধারকৃত প্রাণীগুলোর মধ্যে রয়েছে, ২ টি হনুমান ২টি বানর, ৮টি কালেম, সজারু একটি, একটি অজগর, একটি হরিয়াল ৪ টি মুনিয়া, টিয়া একটি, একটি কচ্ছপ ও ৪ টি বালি হাঁস।

বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণি পরিদর্শক আব্দুল্লাহ আল সাদিক জানান, সারা দেশের চিড়িয়াখানা, রিসোর্ট ও মিনি পার্কে ধারবাহিক অভিযান পরিচালনা করছে বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিট। যেখানেই বণ্য প্রাণি পাওয়া যাচ্ছে সেখানেই অভিযান চলছে। তারই ধারাবাহিকতায় মুজিবনগরের মনোরমা মিনি চিড়য়াখানায় অভিযান পরিচালনা করা হয়। সেখান থেকে ২৭ টি বণ্য প্রাণি উদ্ধার করা হয়।

সেগুলোর মধ্যে মেহেরপুরের পরিবেশ উপযোগী বানর, হুনুমান, কচ্ছপ, সাজারু, টিয়া, হরিয়াল, বালি হাঁস ও মুনিয়া পাখি অবমুক্ত করে দেওয়া হয়। বাকি অজগর ও কালিম পাখি সাথে নিয়ে যাওয়া হয়। পরিবেশ উপযোগী বাসস্থানে তাদেরকে অবমুক্ত করা হবে বলে তিনি জানান।

তিনি আরো জানান, জানুয়ারি থেকে চলতি মাস পর্যন্ত মন্টু মিয়ার বাগান বাড়ি, স্বপ্নপুরিসহ দেশের ৮ টি মিনি চিড়িয়াখানায় অভিযান পরিচালনা করা হয়েছে। সেখান থেকে ৭৬ টি বন্যপ্রাণি উদ্ধার করা হয়। পাশাপাশি বন্যপ্রাণির পাচারের সাথে কারা জড়িত তাদেরকেউ চিহ্নিত করা হচ্ছে। তারা যতোবড়ই শক্তিশালী হোক আইনের আওতায় আনা হবে বলে তিনি হুশিয়ারী দেন।

বন্যপ্রাণী অপরাধ দমন ইউনিটের বন্যপ্রাণি পরিদর্শক অসিম মল্লীকসহ ঢাকা ইউনিটের সদস্যরা এ অভিযানে অংশ নেয়।

তবে মনোরমা মিনি চিড়িয়াখানার মালিক তাহাজ উদ্দীন জানান, দেড় বছর